রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৩০, ২০১৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৬ আষাঢ়, ১৪২৩ মোতাবেক ৩০ জুন, ২০১৬

নিম্নলিখিত বিলটি ১৬ আষাঢ়, ১৪২৩ মোতাবেক ৩০ জুন, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ৩২/২০১৬

**২০১৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য আনীত বিল**

যেহেতু ২০১৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **২০১৬-২০১৭ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৪৬৪৫৫৩,৯৭,৮৫,০০০ (চার লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত তিপ্পান্ন কোটি সাতানব্বই লক্ষ পঁচাশি হাজার) টাকা প্রদান**।—২০১৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৪৬৪৫৫৩,৯৭,৮৫,০০০ (চার লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত তিপ্পান্ন কোটি সাতানব্বই লক্ষ পঁচাশি হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।



**মূল্য :** টাকা ৮.০০

৩। **নির্দিষ্টকরণ**।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**
**(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)**

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরী নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | রাষ্ট্রপতির কার্যালয় | ১৯,৯৫,০০ | ০ | ১৯,৯৫,০০ |
| ০১ | জাতীয় সংসদ | ২৯৪,২১,০০ | ১,০৫,০০ | ২৯৫,২৬,০০ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ১৩২১,৯৯,০০ | ১৩২১,৯৯,০০ |
| ০৩ | মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | ৯৭,৫৭,০০ | ৯৭,৫৭,০০ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ৩৬২,৮৯,০০ | ৯২৭,৮০,০০ | ১২৯০,৬৯,০০ |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০ | ২০৭৭,২২,০০ | ২০৭৭,২২,০০ |
| | সরকারি কর্ম কমিশন | ৪৭,৪৬,০০ | ০ | ৪৭,৪৬,০০ |
| ০৬ | অর্থ বিভাগ | ১৪২০৭৮,৭৫,৩৪ | ৪৭৫৬৪,৬৪,১৪ | ১৮৯৬৪৩,৩৯,৪৮ |
| | অর্থ বিভাগ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | ২৩২,১৮,০০ | ০ | ২৩২,১৮,০০ |
| ০৭ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০ | ২৩০১,৭০,০০ | ২৩০১,৭০,০০ |
| ০৮ | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ২৫২৮,৫৬,০০ | ২৫২৮,৫৬,০০ |
| ০৯ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ৯৭৭৬,০০,০০ | ২৪৫,৬২,৫৫ | ১০০২১,৬২,৫৫ |
| ১০ | পরিকল্পনা বিভাগ | ০ | ১৪১০,৮৯,০০ | ১৪১০,৮৯,০০ |
| ১১ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ১৬১,৫৯,০০ | ১৬১,৫৯,০০ |
| ১২ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ০ | ৫০০,৩৮,০০ | ৫০০,৩৮,০০ |
| ১৩ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ৫৫২,৩৪,০০ | ৫৫২,৩৪,০০ |
| ১৪ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ১০৮৭,৫৫,০০ | ১০৮৭,৫৫,০০ |
| ১৫ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ২২১১৫,৪২,৯০ | ২২১১৫,৪২,৯০ |
| ১৬ | সশস্ত্র বাহিনী বিভাগ | ০ | ২৯,১৪,০০ | ২৯,১৪,০০ |
| ১৭ | আইন ও বিচার বিভাগ | ০ | ১৫২১,২৪,০০ | ১৫২১,২৪,০০ |
| ১৮ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ১৯২৮৫,৯৩,২২ | ১৯২৮৫,৯৩,২২ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৯ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০ | ২৩,৩০,০০ | ২৩,৩০,০০ |
| ২০ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০ | ২২১৬২,৫৮,২০ | ২২১৬২,৫৮,২০ |
| ২১ | শিক্ষা মন্ত্রণালয় | ০ | ২৬৮৫৭,৭৪,০০ | ২৬৮৫৭,৭৪,০০ |
| ২২ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ২০৬৯,৭১,০০ | ২০৬৯,৭১,০০ |
| ২৩ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ০ | ১৭৫১৬,০৫,০০ | ১৭৫১৬,০৫,০০ |
| ২৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ০ | ১৮৩৫,০৮,০০ | ১৮৩৫,০৮,০০ |
| ২৫ | সমাজকল্যাণ মন্ত্রণালয় | ০ | ৪২৭৩,২৫,০০ | ৪২৭৩,২৫,০০ |
| ২৬ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২১৫১,২৯,৮৩ | ২১৫১,২৯,৮৩ |
| ২৭ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৩০৭,৬৬,০০ | ৩০৭,৬৬,০০ |
| ২৮ | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ৩১২০,২৮,০০ | ৩১২০,২৮,০০ |
| ২৯ | তথ্য মন্ত্রণালয় | ০ | ৮৩৮,৬১,০০ | ৮৩৮,৬১,০০ |
| ৩০ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৪২১,৩৮,০০ | ৪২১,৩৮,০০ |
| ৩১ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৫২৪,১৯,০০ | ৫২৪,১৯,০০ |
| ৩২ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ৯২২,৪৮,০০ | ৯২২,৪৮,০০ |
| ৩৩ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ২১৩২৬,২৮,০০ | ২১৩২৬,২৮,০০ |
| ৩৪ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ১৩৭৭,৬৯,০০ | ১৩৭৭,৬৯,০০ |
| ৩৫ | শিল্প মন্ত্রণালয় | ০ | ১৭১৩,২৮,০০ | ১৭১৩,২৮,০০ |
| ৩৬ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ৬৮৫,৭৮,০০ | ৬৮৫,৭৮,০০ |
| ৩৭ | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | ০ | ১৯৭৩,২৫,০০ | ১৯৭৩,২৫,০০ |
| ৩৮ | কৃষি মন্ত্রণালয় | ০ | ১৩৬৭৮,৮৫,০০ | ১৩৬৭৮,৮৫,০০ |
| ৩৯ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ০ | ১৮০২,১৪,০০ | ১৮০২,১৪,০০ |
| ৪০ | পরিবেশ ও বন মন্ত্রণালয় | ০ | ১০৩৩,৫০,০০ | ১০৩৩,৫০,০০ |
| ৪১ | ভূমি মন্ত্রণালয় | ০ | ১৪৯১,০৩,২৭ | ১৪৯১,০৩,২৭ |
| ৪২ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ৪৭১৩,১৭,০০ | ৪৭১৩,১৭,০০ |
| ৪৩ | খাদ্য মন্ত্রণালয় | ৫,০০,০০ | ১২০৯২,৪৮,৯২ | ১২০৯৭,৪৮,৯২ |
| ৪৪ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ৮০০৫,৩৮,৩০ | ৮০০৫,৩৮,৩০ |
| ৪৫ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০ | ১০৯১০,৯১,০০ | ১০৯১০,৯১,০০ |
| ৪৬ | রেলপথ মন্ত্রণালয় | ৯৩,০০,০০ | ১১৯৫৯,৭১,০০ | ১২০৫২,৭১,০০ |
| ৪৭ | নৌ-পরিবহন মন্ত্রণালয় | ০ | ২০৫৪,৮৭,০০ | ২০৫৪,৮৭,০০ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৮ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ০ | ৫৪৮,৬৩,০০ | ৫৪৮,৬৩,০০ |
| ৪৯ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ০ | ২৫১৪,১৩,০০ | ২৫১৪,১৩,০০ |
| ৫০ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৮৩৯,৬৩,১৮ | ৮৩৯,৬৩,১৮ |
| ৫১ | বিদ্যুৎ বিভাগ | ০ | ১৩০৬২,৮০,০০ | ১৩০৬২,৮০,০০ |
| ৫২ | সুপ্রীম কোর্ট | ১৫৫,২৮,০০ | ০ | ১৫৫,২৮,০০ |
| ৫৩ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৩০১১,৬১,০০ | ৩০১১,৬১,০০ |
| ৫৪ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৫৫৯,৮০,০০ | ৫৫৯,৮০,০০ |
| ৫৫ | দুর্নীতি দমন কমিশন | ৭৯,১১,০০ | ১২,০০,০০ | ৯১,১১,০০ |
| ৫৬ | সেতু বিভাগ | ০ | ৯২৮৮,৯৫,০০ | ৯২৮৮,৯৫,০০ |
| | মোট মঞ্জুরী ও বরাদ্দের দাবী | ১৫৩১৪৩,৮৩,৩৪ | ৩১১৪১০,১৪,৫১ | ৪৬৪৫৫৩,৯৭,৮৫ |

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত ব্যয় নির্বাহের নিমিত্ত এবং ২০১৭ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয় সম্পর্কে জাতীয় সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরীসমূহের বিপরীতে সংযুক্ত তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ নির্দিষ্টকরণের বিধান করিতে চাওয়া হইয়াছে।

**আবুল মাল আবদুল মুহিত**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd